NDA VIDYAB

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART-II

বাংলা - সাধারণ

দ্বিতীয় পত্র

Duration : 3 Hours Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

1. 'বহুদিন পরে বঁধুয়া এলে।

দেখা না হইত পরাণ গেলে।।'

— এই পদটির রচয়িতা কে ? এটি বৈষ্ণব পদাবলীর কোন্ পর্যায়ের আন্তর্গত ? ওই পর্যায়টির বৈশিষ্ট্য সংক্ষেপে লিখুন। পদটির বিষয়বস্তু বিবৃত করে কবির কৃতিত্ব আলোচনা করুন। 1 + 1 + 3 + 10

পূর্বরাগ কাকে বলে ? আপনার মতে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ? পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ে তাঁর কবিকৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দিন। 4 + 1 + 10

2. 'কে, কহ, এ কাল-অগ্নি জ্বালিয়াছে আজি

লঙ্কাপুরে ? হায়, নাথ, নিজ কর্ম্ম-ফলে,

মজালে রাক্ষসকুলে, মজিলা আপনি!'

— বক্তা কে ? 'কাল-অগ্নি' কথাটির প্রসঙ্গ ও তাৎপর্য লিখুন। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে সংক্ষেপে বক্তার চরিত্রবৈশিষ্ট্য আলোচনা করুন। 1 + 4 + 10

মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গের নাম কি ? প্রথম সর্গের ঘটনাক্রম বর্ণনা করে এই সর্গের নামকরণের কারণ বিশ্লেষণ করুন। 1 + 8 + 6

3. 'কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে,

আর সেই নেড়ি কুকুরের ট্র্যাজেডি !'

'ছেলেটা' কবিতার মূল বিষয়সহ প্রসঙ্গটি বিশদভাবে বুঝিয়ে দিন। 15

'তোমাকে দোহাই দিই,

একটি সাধারণ মেয়ের গল্প লেখো তুমি।'

— কার উক্তি ? কাকে সে গল্প লিখতে বলেছে ? কবিতা অবলম্বনে বক্তার চরিত্রবৈশিষ্ট্য আলোচনা করুন।

1 + 1 + 13

4. 'কিন্তু দুর্দিন এল, একি দুর্দিন এল'

— কোন্ কবির রচনা ? কবিতা ও মূল কাব্যগ্রন্থের নাম উল্লেখ করুন । কবিতাটিতে দুর্দিনের যে ছবি ফুটে উঠেছে তা আলোচনা করুন। 1 + 2 + 12

'তবু কথা রাখেনি বরুণা, এখন তার বুকে শুধুই মাংসের গন্ধ' — কার উক্তি ? বরুণা কীভাবে কথা রাখেনি বলে কবির মনে হয়েছে ? কবি তাঁর জীবনে কথা না রাখার আরও যে-সব অভিজ্ঞতা পেয়েছেন তার মধ্যে যে কোনও দুটি অভিজ্ঞতা নিজের ভাষায় বর্ণনা করুন। 1 + 4 + 10

5. নীচে উদ্ধৃত অংশগুলির রচয়িতার নাম ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করুন। $4 \times 5 = 20$

ক) 'কি পেখলুঁ নটবর গৌরকিশোর

অভিনব হেম কল্পতরু সঞ্চরু

সুরধুনী-তীরে উজোর ।।'

'এ সখি হামারি দুখের নাহি ওর ।

এ ভরা বাদর মাহ ভাদর

শূন্য মন্দির মোর।

খ) ‘ক্ষত বক্ষঃস্থল মম, দেখ, নৃপমণি,

রিপু-প্রহরণে ; পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা ।’

অথবা

‘এই কি সাজে আমারে, দশাননাত্মজ,

আমি ইন্দ্রজিৎ ; আন রথ ত্বরা করি ;

গ) ‘ঘরেতে এল না সে তো, মনে তার নিত্য আসা যাওয়া —

পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদুর ।’

অথবা

‘তখন মাধবের মাথা নত বেদীমূলে।

রাজার তলোয়ারে মুহূর্তে ছিন্ন হল সেই মাথা।

ঘ) ‘কত রাজা আসে যায় ইতিহাসে, ঈর্ষা আর দ্বেষ

আকাশ বিষাক্ত করে’

অথবা

‘শহর-গঞ্জ-খেত-খামারে

ঘুমিয়ে আছে দেশটা যখন, রাত্রিবেলা

খুলেছ মানচিত্রখানি।’

6. উদাহরণসহ সরল কলাবৃত্ত (ধ্বনিপ্রধান) ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করুন। 12

অথবা

উদাহরণসহ যেকোনো **তিনটি** বিষয়ে আলোচনা করুন ঃ $3 \times 4 = 12$

পর্ব, কলা, যতি, মাত্রা, চরণ

7. ছন্দোলিপি রচনা করুন (যে কোনও **দুটি**) ঃ 2 × 4 = 8

ক) তোমাকে চাই আমি তোমাকে চাই
তোমাকে ছাড়া নেই শান্তি নেই
রক্ত কিংশুকে জ্বালিয়ে দাও
আমার বৈশাখী রাত্রিদিন

খ) আমি যে বেশ সুখে আছি,
অন্তত নই দুঃখে কৃশ—
সে কথাটা পদ্যে লিখতে
লাগে একটু বিসদৃশ।

গ) এইভাবে হতে থাকে ক্রমাগত
কেউ মারে কেউ মার খায়
ভিতরে সবাই খুব স্বাভাবিক কথা বলে
জ্ঞানদান করে

ঘ) মেঘ মুলুকে ঝাপসা রাতে
রামধনুকের আবছায়াতে
তাল বেতালে খেয়াল সুরে
তান ধরেছি কণ্ঠ পুরে।

ঙ) যে নদী হারায়ে যায় অন্ধকারে-রাতে-নিরুদ্দেশে,
তাহার চঞ্চল জল স্তব্ধ হয়ে কাঁপায় হৃদয়!
যে মুখ মিলায়ে যায় আবার ফিরিতে তারে হয়
গোপনে চোখের' পরে, — ব্যথিতের স্বপ্নের মতন।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012
PART-II
বাংলা - সাধারণ
তৃতীয় পত্র

Duration : 3 Hours Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

1. "এইরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক মিলনের বাধা ঘটিতেছে বলিয়াই আজ যত-কিছু উৎপাত জাগিয়া উঠিতেছে। কাছে থাকিব অথচ মিলিব না, এ অবস্থা মানুষের পক্ষে অসহ্য এবং অনিষ্টকর।"—কোন্ প্রবন্ধের অংশ ? কীরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক মিলনের বাধা ঘটছে বলে প্রবন্ধকার মনে করেছেন ? এই সম্মিলনের সার্থকতা কোথায় বলে লেখক নির্দেশ করেছেন ? 1 + 7 + 7

অথবা

"কবির কেকারব সেই বর্ষার গান — কান তাহার মাধুর্য জানে না, মনই জানে" — 'কেকাধ্বনি' প্রবন্ধ অবলম্বনে লেখকের বক্তব্য বুঝিয়ে দিন। 15

2. যে কোন **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন : 1 × 5 = 5

ক) "গিলে খাওয়াকেই সে এক-করা বলে প্রচার করে।" — কোন্ প্রবন্ধের অংশ ? 'সে' বলতে কার বা কোন্ বিষয়ের কথা বলা হয়েছে ? উদ্ধৃত অংশের তাৎপর্যটি বুঝিয়ে দিন। 1 + 1 + 3

খ) "সময় যেন তখনকার পর হইতে ক্রমে ইতর হইয়া আসিয়াছে" — তখনকার বলতে লেখক কোন্ সময়ের কথা বুঝিয়েছেন ? সেই সময়কার বর্ণনা দিন। 1 + 4

গ) "আবর্জিতা কিঞ্চিদিব স্তনাভ্যাং
বাসো বসানা তরুণার্করাগম্
পর্যাপ্তপুষ্পস্তবকাবনম্রা
সঞ্চারিণী পল্লবিনী লতেব।"

কোন্ প্রবন্ধে উদ্ধৃত শ্লোকটি ব্যবহৃত হয়েছে ? উদ্ধৃত শ্লোক কার লেখা কোন্ কাব্যের অন্তর্গত ? কোন্ প্রসঙ্গে প্রবন্ধের মধ্যে প্রবন্ধকার শ্লোকটি ব্যবহার করেছেন ? 1 + 1 + 1 + 2

3. ক) 'কপালকুণ্ডলা' কোন্ শ্রেণীর উপন্যাস তা যুক্তি দিয়ে বুঝিয়ে দিন। 15

অথবা

খ) কপালকুণ্ডলা ও মতিবিবির চরিত্রগত বৈপরীত্য 'কপালকুণ্ডলা' উপন্যাসে যে বৈচিত্র্য সঞ্চার করেছে, তা নিজস্ব ভাষায় বুঝিয়ে দিন। 15

4. যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন ঃ

ক) " বাঙ্গালীরা আপন গৃহিণীকে সর্ব্বাপেক্ষা সুন্দরী দেখে ।"

— কার প্রতি কে এই উক্তিটি করেছেন ? কোন্ প্রসঙ্গে বক্তার এই উক্তি ? বক্তার মানসিক চরিত্রের কোন্ দিকটি তাঁর এই উক্তিতে ধরা পড়েছে ? 1 + 1 + 2 + 1

খ) " আমি বনচর ছিলাম, বনচর হইব" — কে কাকে কখন কথাটি বলেছে ? কথাটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

3 + 2

গ) " আঃ, তোর নবকুমার কি আছে ? তাকে শিয়ালে খাইয়াছে।" — বক্তা কে ? নবকুমার তখন কি কারণে কোথায় গিয়েছিলেন ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন। 1 + 2 + 2

5. ক) 'পল্লীসমাজ' উপন্যাসে বেণী ঘোষাল চরিত্র নির্মাণে ঔপন্যাসিকের কৃতিত্ব বিচার করুন । 15

অথবা

খ) 'পল্লীসমাজ' যেন চরিত্রে বহুবৈচিত্র্যের সমাহার। একদিকে মানসিক দৈন্য ও সংকীর্ণতা, হীনতা ও পরশ্রীকাতরতা ; অন্যদিকে মানবিক ঔদার্য, প্রসার , আত্মত্যাগ ও স্নেহ-প্রেমের ফল্গুধারা — এই উভয়ধর্মী মানবচরিত্রের সমন্বয় কীভাবে এই উপন্যাসের স্থায়ী সম্পদ হয়েছে বুঝিয়ে দিন। 15

6. যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন ঃ 1 × 5 = 5

ক) "হ্যাঁ — মায়ের দুধ খেয়েছিল বটে ছোটবাবু। লাঠি ধরলে বটে।"

— কার উক্তি ? ছোটবাবু কে ? কোন ঘটনার কারণে তাকে লাঠি ধরতে হয়েছিল ? 1 + 1 + 3

খ) "মেয়েমানুষ হয়ে মেয়েমানুষের নামে এ অপবাদ দিস্নেরে ধর্ম সইবে না।" — কথাটি কে বলেছে ? এখানে কোন্ দুজন মেয়ের উল্লেখ করা হয়েছে ? একজন আর একজনের নামে কি অপবাদ দিয়েছিল ? 1 + 2 + 2

গ) "বজ্জাতি বুদ্ধিতে সে তার বাপেরও ওপরে যায়।" — কে কার প্রতি কার প্রসঙ্গে এই উক্তি করেছে ? এই উক্তির মধ্যে বক্তার কোন্ মনোভাব প্রকাশিত হয়েছে ? 1 + 1 + 1 + 2

7. 'রাজা ও রানী' নাটকে কুমার-ইলার উপকাহিনীর প্রয়োজনীয়তা বিচার করুন । 15

অথবা

'রাজা ও রানী' নাটকের সমাপ্তি কতখানি শিল্পসম্মত হয়েছে, সমগ্র নাটকটির পরিপ্রেক্ষিতে তা নিরূপণ করুন। 15

8. যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন ঃ 1 × 5 = 5

ক) "পলাতক অরাতিরে আক্রমণ করা নহে ক্ষাত্রধর্ম।"

— কার প্রতি কার উক্তি ? 'অরাতি' শব্দের অর্থ কী ? উক্তিটির প্রসঙ্গসূত্রটি নির্দেশ করুন।

1 + 1 + 1 + 2

খ) "আমি নিশিদিন তোমায় ভালোবাসি,
তুমি অবসরমতো বাসিয়ো।"—
কার গান ? প্রসঙ্গ উল্লেখ করে গানটির বিষয় নির্দেশ করুন 1 + 2 + 2

গ) "তোমারে করিনু সমর্পণ যাহা আছে
মোর। তুমি বীর, তুমি রাজ-অধিরাজ।"
— উদ্ধৃত সংলাপ অনুসারে কে, কাকে, কী সমর্পণ করেছেন ? উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করুন। 1 + 1 + 1 + 2

9. 'না' গল্পটির রচয়িতা কে ? একটি সার্থক ছোটগল্পরূপে গল্পটির শিল্পরূপ বিশ্লেষণ করে এর নামকরণের সার্থকতা বিচার করুন। 1 + 7 + 7

অথবা

'চড়াই উৎরাই' গল্পটির রচয়িতা কে ? গল্পটির নায়ক চরিত্রের মনোলোকে প্রচ্ছন্ন দ্বিধা-দ্বন্দ্ব ও কুণ্ঠা আসলে মধ্যবিত্ত বাঙালি চরিত্রের এক অসামান্য প্রতিফলন কীভাবে হয়ে উঠেছে তা বিশ্লেষণ করুন। 15

10. যে কোনো **একটি** প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দিন ঃ 1 × 5 = 5

ক) "একসেলেন্ট আইডিয়া ! বহুত আচ্ছা ব্রাদার আমার রে"
— কে, কাকে এই কথাটি বলেছিল ? বক্তার 'আইডিয়া' টি কী ছিল ? সেই 'আইডিয়া-র পরিণতিটি কী হয় ? 1 + 1 + 1 + 2

খ) "গাঁয়ে কী গুজব রটেছে জানো ?"
— কে, কাকে, কোন্ গুজবের কথা বলেছেন ? সেই গুজব রটার কারণ কী ছিল ? 1 + 1 + 1 + 2

গ) "আপনি যে খুব লাজুক ভদ্রলোক তা দুনিয়ায় আর জানতে বাকি নেই কারো।"
— কে, কার উদ্দেশ্যে এই মন্তব্য করেছেন ? কোন্ প্রসঙ্গে বক্তা এই মন্তব্য করেন ? বক্তার ওই কথাটির কোন্ তাৎপর্য শ্রোতার মনে ধরা পড়েছিল ? 1 + 1 + 1 + 2